



তথ্যবিবরণী

নম্বর: ২২১

## খুলনার আমিন মরিয়ম স্মৃতি পরিষদের উদ্যোগে রাজশাহীতে বৃক্ষরোপণ

রাজশাহী; ১৪ ফাল্গুন (২৭ ফেব্রুয়ারি):

আজ বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) খুলনা আমিন মরিয়ম স্মৃতি পরিষদের উদ্যোগে রাজশাহী পিটিআই প্রাঙ্গণে সুপারির চারা রোপণ ও দেড় শতাধিক শিক্ষার্থীদের মাঝে সুপারির চারা প্রধান অতিথি হিসেবে বিতরণ করেন রাজশাহীর বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

প্রধান অতিথি পরিবেশ দূষণ থেকে বাঁচার জন্য শিক্ষার্থীদের গাছ রোপন ও সংরক্ষণ করার ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠান শেষে তিনি দেড় শতাধিক শিক্ষার্থীদের মাঝে সুপারির চারা বিতরণ ও রাজশাহী পিটিআই প্রাঙ্গণে বৃক্ষরোপন করেন।

আমিন মরিয়ম স্মৃতি পরিষদ খুলনার সাধারণ সম্পাদক ও ২০২২ সালের বাংলাদেশের শ্রেষ্ঠ বিদ্যোৎসাহী-সমাজসেবী মাসুদ মাহমুদের সভাপতিত্বে এ সভায় উপস্থিত ছিলেন রাজশাহী পিটিআইয়ের সুপার মো. রেজাউল হক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রাজশাহী মো. আনোয়ার হোসেনসহ পিটিআই এর কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।

.....  
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১১.১০ঘ.